অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নতুন অ্যালবেনি বিমানবন্দর পরিবহন করিডোরের ফিতা কেটেছেন

50 বছর বিলম্বের পর, একজিট 3 অবশেষে বাস্তব হয়ে উঠেছে নতুন নর্থওয়ে-অ্যালবেনি বিমানবন্দর কানেক্টর তার মূল 2020 সালের লক্ষ্যের এক বছর আগেএবং বাজেটের মধ্যে খোলার ফলে

নতুন একজিট 3 এবং একজিট করা 4 এবং 5 বিমানবন্দর থেকে যাওয়া এবং আসার অ্যাক্সেস উন্নত করে এবং পার্শ্ববর্তী রাস্তাগুলিতে যানজট উপশম করে

72.1 মিলিয়ন মার্কিন ডলারের রাজ্যের বিনিয়োগের মধ্যে রয়েছে বিমানবন্দরের সুবিধাগুলির আধুনিকীকরণ, নতুন হাজার যানবাহনের জন্য পার্কিং গ্যারেজ, এবং টার্মিনালের উন্নতিসাধন

নতুন গেটওয়ে স্বাগতম সাইন রেন্ডারিং – এখানে উপলব্ধ

দেখুন ভিডিও এয়ারপোর্ট ট্রান্সপোর্টেশন করিডর রূপান্তরের ব্যাখ্যা এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর পরিবহন করিডরের (Albany International Airport Transportation Corridor) ফিতে কাটার কথা ঘোষণা করেন। আজ থেকে মোটরচালকদের জন্য খোলা হচ্ছে অনেক প্রত্যাশিত নর্থবাউন্ড একজিট 3 ফ্লাইওভার র‍্যাম্প, সেই সাথে নতুন কনফিগার করা একজিট 4 এবং 5 বন্ধ এবং চালু র‍্যাম্প যা স্থানীয় রাস্তা এবং নর্থওয়ের আরো সরাসরি অ্যাক্সেস প্রদান করে। নতুন এক্সিট 3, যা নিয়ে কয়েক দশক ধরে কথা বলা হয়েছে কিন্তু তা বাস্তবায়িত হয়নি, এবং 4 ও 5 এর আপগ্রেড, যা অ্যালবেনি আন্তর্জাতিক বিমান বন্দরে যাওয়া আসার পথ সুগম করে, এবং তার সাথে পার্শ্ববর্তী রাস্তাগুলিতে ভিড় হ্রাস করে, এবং 72.1 মিলিয়ন মার্কিন ডলারের বিমানবন্দরের আধুনিকায়নে রাজ্যের বিনিয়োগের এর একটি মূল উপাদান। এয়ারপোর্ট ট্রান্সপোর্টেশন করিডর প্রকল্পটি মূল 2020 সালের লক্ষ্যের এক বছর আগে ও বাজেটের ।মধ্যে শেষ হয়েছে আজকের ফিতা কাটার অনুষ্ঠানের অংশ হিসেবে গভর্নর কুওমো বিমানবন্দরের নতুন স্বাগতম সাইন রেন্ডারিং অনাবৃত করেন, যা অ্যালবেনি কাউন্টি বিমানবন্দর কর্তৃপক্ষের ডিজাইন করা বিমানবন্দরের এবং পরিবহণ করিডোরের রুপান্তরনের স্মারক হিসেবে।

"অর্ধ শতাব্দীর বিলম্ব ও নিষ্ক্রিয়তার অবসান ঘটিয়ে এক্সিট 3 খোলা হয়েছে এবং নতুন অ্যালবেনি এয়ারপোর্ট ট্রান্সপোর্টেশন করিডর তৈরির কাজ শেষ হয়েছে," **গভর্নর কুমো বলেন।** "এই নতুন একজিট ভ্রমণার্থীদের আন্তর্জাতিক বিমানবন্দরে উন্নত প্রবেশাধিকার প্রদান করে, যানজট কমায় এবং রাজধানী অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখে। এটি আরও প্রমাণ করে যে, একুশ শতকের পরিবহণ পরিকাঠামো তৈরি করার ক্ষেত্রে নিউ ইয়র্ক কোনোভাবে পিছিয়ে নেই।"

50 বছর আগে আডিরন্ড্যাক নর্থওয়ে শেষ হওয়ার আগে থেকে অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরকে পরিষেবা প্রদান করার জন্য একটি এক্সিট 3 সম্পর্কে আলোচনা হয়ে চলেছিল। তার মূল কনফিগারেশন অনুযায়ী নর্থওয়ে এক্সিট 2 এবং এক্সিট 4 এ উন্নীত হয়, উত্তর ও দক্ষিণ, উভয়মুখী যাতায়াতের জন্য। তবে, সাম্প্রতিক বছরগুলোতে, একজিট যোগ করার জন্য দীর্ঘ আলোচিত পরিকল্পনা গতি লাভ করে।

এক্সিট 3 নর্থওয়ে-অ্যালবেনি বিমানবন্দর কানেক্টর প্রকল্পের অংশ এবং দুটি রাজ্যের পৃষ্ঠপোষকতায় প্রকল্পের একটি যা বিমানবন্দরটিকে রুপান্তর করবে। 2018 সালে গভর্নর বিমানবন্দর আধুনিকীকরণের জন্য 22.1 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন প্রদান করেন এবং নর্থওয়ে বরাবর অ্যালবেনি বিমানবন্দর কানেক্টর নির্মাণের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেন, যা যানজট কমাবে এবং প্রথমবারের মত বিমানবন্দরের সাথে সরাসরি সংযোগ সুবিধা প্রদান করবে। সরাসরি লিঙ্কটি হল নতুন এক্সিট 3।

এই করিডোরের রুপান্তরন সম্প্রতি নতুন দক্ষিণমুখী একজিট 3 খোলার ঠিক পরেই করা হয়, যা অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের আরো সরাসরি সংযোগ প্রদান করে, এবং যে র‍্যাম্পটি অ্যালবেনি সেকার রোডকে I-87 দক্ষিণের সাথে যুক্ত করে, যা আরো সরাসরি অ্যাক্সেস উপলব্ধ করে বিমানবন্দর থেকে দক্ষিণমুখী নর্থওয়েতে।

বিমানবন্দরের ফেসিলিটির আধুনিকীকরণের জন্য রাজ্যের 22.1 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন প্রদান করা হয়েছে 200 মিলিয়ন মার্কিন ডলারের উত্তরাঞ্চলের বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার (Upstate Airport Economic Development and Revitalization Competition) মাধ্যমে, যা গভর্নর কুওমো 2016 সালে তার স্টেট অব দ্য স্টেট ভাষণে প্রথম ঘোষণা করেন এবং তারপরে রাজ্যের 2017 সালের বাজেটে পাস করেন। আধুনিকীকরণ প্রকল্পের জন্য অন্যান্য অর্থায়ন অ্যালবেনি কাউন্টি বিমানবন্দর কর্তৃপক্ষ (Albany County Airport Authority) এবং ফেডারেল সরকার সরবরাহ করেছে।

গভর্নর কুওমোর 100 বিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামো নবায়ন পরিকল্পনার (Infrastructure Renewal Plan) মাধ্যমে 50 মিলিয়ন মার্কিন ডলারের বিমানবন্দর সংযোজক প্রকল্পটির অর্থায়ন করা হয়। এর মধ্যে ছিল I-87 সাউথবাউন্ডের পশ্চিমে নতুন 3টি র‍্যাম্পের নির্মাণ নতুন একজিট 3 এর জন্য।

নর্থওয়েতে উত্তরগামী যানবাহনের জন্য নতুন র‍্যাম্পটি "ফ্লাইওভার" বিন্যাসে নর্থওয়ে বরাবর যাবে, ডেসমন্ড হোটেলের পশ্চিম দিকে এবং পিছনে ঘুরবে এবং বিমানবন্দরের কাছে অ্যালবেনি-সেকার রোডের সাথে একটি নতুন টি-ক্রসিং-এ আসবে। নর্থওয়ের দক্ষিণগামী যানবাহনের জন্য একটি নতুন অফ-র‍্যাম্প তৈরি হয় ডেসমন্ড হোটেলের পিছন দিয়ে গিয়ে একটি ফ্লাইওভার র‍্যাপমের সাথে সংযুক্ত হবার জন্য, যা উলফ রোডের যানবাহনের চাপ এড়িয়ে নতুন ক্রসিং এর দিকে যায়।

নর্থবাউন্ড একজিট 4 অপরিবর্তিত থাকছে। দক্ষিণমুখী দিকে, একটি নতুন একজিট 4 স্থানীয় ট্রাফিকের জন্য উল্ফ রোডের আরো সরাসরি প্রবেশাধিকার প্রদান করে।

উলফ রোড এবং মিটিং হাউজ রোডের মধ্যেকার অংশ টার্নিং লেন ইন্সটল করার মাধ্যমে অ্যালবেনি সেকার রোড চওড়া করা হয়েছে এবং নতুন ড্রেনেজ এবং কার্বিং ইনস্টল করা হয়েছে।

এক্সিট 5 – এ রুট 155 (ওয়াটারভিলেট-সেকার রোড) থেকে দক্ষিণগামী নর্থওয়েতে একটি নতুন, সরাসরি অন-র‍্যাম্প যোগ করা হয়, যা হাইওয়ের দক্ষিণমুখী দিকের আগের বিদ্যমান র‍্যাম্পের প্রয়োজন নির্মূল করে।

উত্তরগামী দিকে টাইমস ইউনিয়ন বিল্ডিং সংলগ্ন অন-র‍্যাম্পটি রুট 155 এর জন্য এক্সিট 5 অবধি পুরোপুরি সম্প্রসারিত করা হয়, যা গাড়ি চালকদের জন্য উত্তরমুখী নর্থওয়েতে মিশে যাওয়ার জন্য একটি দীর্ঘতর সহায়ক লেন তৈরি করে এবং এক্সিট 5 দিয়ে হাইওয়ে ত্যাগ করা অধিকতর সহজ করে স্থানীয় যানবাহনগুলোর সুবিধা করে দেবে। একজিট 4 এবং 5 – এর মধ্যে একটি শব্দরোধী দেওয়াল (নয়েজ ওয়াল) তৈরি করা হয়।

যেসব যাত্রী উত্তরমুখী নর্থওয়ে থেকে বিমানবন্দরের উদ্দেশ্যে যাবেন, প্রকল্পটি তাঁদের অতিরিক্ত দুটি ট্রাফিক লাইটের মধ্য দিয়ে যাওয়ার আবশ্যকতাকে দূর করে। এই প্রকল্প দক্ষিণগামী নর্থওয়ে ভ্রমণকারীদের জন্য একটি অতিরিক্ত ট্র্যাফিক লাইটের মধ্যে দিয়ে যাত্রা করার প্রয়োজনীয়তা দূর করে। এর ফলে সঙ্ঘর্ষের হার এবং ভ্রমণের সময় হ্রাস পাবে বলে আশা করা হয়।

কানেক্টর রোড এবং উলফ রোডের মধ্যে অ্যালবেনি শেকার রোডের দক্ষিণ দিকে হাঁটার পথ প্রদান করে, এবং তার সাথে অ্যালবেনি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট এবং কানেক্টর রোডের মধ্যে একটি ভাগ করে নেওয়া রাস্তা প্রদান করার মাধ্যমে প্রকল্পটি পথচারীদের এবং সাইকেলচালকদের সংযোগশীলতাও বৃদ্ধি করবে।

প্রতিদিন আনুমানিক 40,000-টি মোটর-চালিত যান নর্থওয়েতে বহির্গমন 4 ব্যবহার করে এবং দৈনিক আনুমানিক 102,000 -টি মোটর-চালিত যান সেই স্থানটিতে অ্যালবেনি-শেকার রোডের উপর দিয়ে যাওয়া-আসা করে।

অ্যালবেনি-শেকার রোডের উপর দিয়ে নর্থওয়ে বহনকারী সেতুগুলি প্রতিস্থাপন করতে, অক্টোবর 2015- এ স্টেটের পরিবহন বিভাগ (স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন) একটি 22.3 মিলিয়ন

ডলারের প্রকল্প সম্পূর্ণ করেছে। বহির্গমন 4 – তে পরিকল্পিত কাজের দুটি পর্যায়ের এটি ছিল প্রথম পর্যায়। 1959 সালে আদি নর্থওয়ে নির্মাণকার্যের অংশ হিসাবে নির্মিত দুটি সেতুকে 2015 সালের প্রকল্পটি প্রতিস্থাপিত করে।

বিমানবন্দর সংযোজক সড়কের নির্মাণ বড় পরিমাণে বাণিজ্যিক স্থান মুক্ত করে দেয় যা বেসরকারী সেক্টর বানিজ্যিকভাবে পুনর্নির্মাণ ও উন্নয়ন করতে পারবে। পিয়েডমন্ট এয়ারলাইন্স (Piedmont Airlines) সম্প্রতি বিমানবন্দরের জায়গায় নবায়িত হ্যাঙ্গারে তাদের লোকবল সম্প্রসারণের পরিকল্পনা ঘোষণা করায় এসব বিনিয়োগ ইতোমধ্যেই লভ্যাংশ পরিশোধ করছে।

নিউইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক রাজ্য আমাদের বিমানবন্দরগুলোতে ঐতিহাসিক বিনিয়োগ করছে যা ভ্রমণার্থীদের উপর চাপ সহজ করবে, পর্যটনের প্রসার ঘটাবে এবং অর্থনৈতিক কর্মকাণ্ড উদ্দীপিত করবে। রাজ্যের রাজধানী শহরের জন্য বিমানবন্দর আধুনিক করে এবং নর্থওয়ে থেকে বিমানবন্দরের সাথে সরাসরি সংযোগ প্রদান করা হলে তা আরও সহজ, আরও আকর্ষণীয় গন্তব্য হয়ে উঠবে এবং সারা অঞ্চল অব্যাহত প্রবৃদ্ধি লাভ করবে।"

সিনেটর নিল ব্রেজলিন বলেন, "নর্থওয়ের নতুন একজিট 3-এর পরিপূর্নতা অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের 104.6 মিলিয়ন মার্কিন ডলার আধুনিকীকরণের প্রচেষ্টার মূল উপাদান। নতুন একজিট 3-সহ, আরও একটি নতুন পার্কিং গ্যারেজ এবং মূল টার্মিনালের অতিরিক্ত পুনর্বাসনের কাজও হবে। একটি আধুনিক বিমানবন্দরের সুবিধা থাকা এক অঞ্চলের সামগ্রিক অর্থনৈতিক কুশলের জন্য গুরুত্বপূর্ণ। এই উন্নতিগুলো নিশ্চিত করবে যে রাজধানী অঞ্চলের অর্থনীতির উন্নতিলাভ যেন অব্যাহত থাকে।"

সিনেটর বেটি লিটল বলেন, "বাণিজ্য হচ্ছে সম্প্রদায় সমৃদ্ধির চাবিকাঠি এবং অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের সাফল্য নিঃসন্দেহে আমাদের অঞ্চলের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। মানুষ এবং পণ্য যাতে বিমানবন্দর থেকে সহজেই যাতায়াত করতে পারে তা নিশ্চিত করা অপরিহার্য। আরও ভালো, আরও দক্ষ পরিকাঠামো গড়ে তুলতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ আগামী বহু বছরের জন্য দারুন লাভজনক হবে। এই প্রকল্পের পরিপূর্ণতা উদযাপনের জন্য আমি গভর্নর কুওমো এবং অনেক স্টেট এবং স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের সাথে যোগ দিতে পেরে আনন্দিত।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিসিয়া ফাহি বলেন, "দেশের প্রথম সারির এবং প্রাচীনতম পৌর বিমানবন্দর হিসাবে- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে বেশ কিছু রূপান্তর ঘটেছে যা রাজধানী অঞ্চলের প্রবেশপথ, প্রধান পরিবহন কেন্দ্র এবং আঞ্চলিক অর্থনৈতিক চালক হিসেবে তাকে জুড়ে চলেছে। এই উন্নতিগুলি, নতুন একজিট 3 সহ, ভিড়ের সময় যানজট কমাতে সাহায্য করবে, যাতায়াতের সময় কমাবে, এবং অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে যাতায়াত করা বাসিন্দাদের এবং দর্শনার্থীদের একটি নতুন, সরাসরি প্রবেশযোগ্য প্রবেশদ্বার প্রদান করবে রাজধানী অঞ্চলে। আমি গভর্নর কুওমো

এবং নিউ ইয়র্ক রাজ্য পরিবহণ দপ্তর-কে তাদের দৃষ্টিভঙ্গির জন্য এবং প্রায় 50 বছর পর এটি বাস্তবায়িত করার জন্য বাহবা জানাই।"

অ্যাসেম্বলি মেম্বার জন টি. ম্যাকডোনাল্ড বলেন, "আট কাউন্টি সম্বলিত রাজধানী অঞ্চলের অধিবাসীদের জন্য এই দীর্ঘ বিলম্বিত উন্নতি অবশেষে বাস্তবায়িত হতে দেখে দারুণ লাগছে। একজিট 3 এখন অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরে বিদ্যমান থাকবে। এই নতুন একজিটটি খোলার ফলে বিমানবন্দর থেকে যাতায়াত সহজ হবে এবং উলফ রোডের ব্যবসাগুলির জন্য ট্র্যাফিক শান্ত করবে। এই প্রকল্প শেষ করার ক্ষেত্রে পরিবহণ দফতর ও গভর্নর কুওমোর সমর্থন পাওয়ায় আমি কৃতজ্ঞ।"

পরিষদ সদস্য ফিল পামেসানো বলেন, "অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর পরিবহন করিডোর সম্পূর্ণ করার ক্ষেত্রে গভর্নর কুওমোর সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ। ভ্রমণ অত্যধিক ট্র্যাফিকের চিন্তা ছাড়া যথেষ্ট চাপের হতে পারে, এবং এই প্রকল্প শুধু যাতায়াতের কিছু মানসিক চাপ উপশম করবে তাই নয়, বরং আমাদের আরো বেশি সংখ্যক দর্শককে অ্যালবেনিতে স্বাগত জানাতে সক্ষম হবে। এমন একটি প্রয়োজনীয় প্রকল্প অবশেষে বাস্তবায়িত হতে দেখে আমরা খুশি।"

অ্যালবেনি কাউন্টি এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাকয় বলেছেন। "এটি একটি উত্তেজনাপূর্ণ এবং দীর্ঘ বিলম্বিত দিন প্রতিটি অ্যালবেনি কাউন্টির জন্য এবং রাজধানী অঞ্চলের বাসিন্দাদের জন্য, যাদের কখনো তাদের ফ্লাইট ধরার জন্য সংগ্রাম করতে হয়েছে বা পার্শ্ববর্তী এলাকায় যানজটে আটকে থাকতে হয়েছে। আমি এমন একজন গভর্নরের সাথে অংশীদার হতে পেরে গর্বিত, যিনি আমাদের মূল পরিকাঠামো, পর্যটন এবং অর্থনৈতিক উন্নয়নের মধ্যকার যোগসূত্র বুঝতে পারেন এবং আমি নতুন একটি এক্সিট 3 থেকে যে লভ্যাংশ আসবে তার অপেক্ষায় উন্মুখ হয়ে আছি।"

অ্যালব্যানি মেয়র ক্যাথি শিহান বলেন, "দীর্ঘ প্রতীক্ষিত নতুন একজিট 3 একটি স্বাগত উন্নয়ন তাদের সবার জন্য যারা এই গুরুত্বপূর্ণ করিডোর ব্যবহার করেন - নিরাপদে এবং সুবিধাযুক্তভাবে অ্যালবেণী আন্তর্জাতিক বিমানবন্দড়েড় সাথে বাসিন্দা এবং দর্শনার্থী, উভয়কেই সংযুক্ত করতে সাহায্য করে। গভর্নর কুওমোকে, কমিশনার ডমিঙ্গুয়েজ এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনকে ধন্যবাদ আমাদের অঞ্চলে বিনিয়োগের জন্য এবং নির্ধারিত সময়ের আগে এবং বাজেটের মধ্যে এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি বাস্তবায়িত করার জন্য।"

স্কেনেকটেডির মেয়র গ্যারি ম্যাকার্থি বলেন, "এই রূপান্তরকামী পরিকাঠামো প্রকল্প শেষ হলে তা রাজধানী অঞ্চলে আমাদের অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন করবে। আমি তার নেতৃত্ব এবং বিনিয়োগের জন্য গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই স্থানীয় অধিবাসী ও ব্যবসায়ীদের জন্য আমাদের অঞ্চলের পরিবহন নেটওয়ার্কের আধুনিকায়নের জন্য।"

ট্রয় মেয়র প্যাট্রিক ম্যাডেন বলেছেন, "আমি গভর্নর কুওমোকে এই অপরিহার্য উন্নতি ঘটানোর জন্য এবং অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর সবার জন্য সুগম এবং আধুনিক মান সম্পন্ন তা নিশ্চিত করার জন্য সাধুবাদ জানাই। এই প্রকল্পটি নিঃসন্দেহে নর্থওয়ের দৈনিক যাত্রীদের জীবন এবং

অ্যালবেনিতে যাওয়া আসা করা যাত্রীদের অভিজ্ঞতা সমৃদ্ধ করবে। আমাদের অর্থনীতির এবং পরিকাঠামোর উপর এই সব উন্নয়নের ইতিবাচক প্রভাবের ফলাফল দেখার অপেক্ষায় আছি।"

ক্যাপিটাল রিজিয়ন চেম্বার প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী মার্ক ইগন বলেন, "এই প্রকল্পটি দীর্ঘদিন ধরে আমাদের এলাকার ইচ্ছা-তালিকায় ছিল; গভর্নর কুওমো একে বাস্তবায়িত করেছেন। নতুন এক্সিট 3 অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দরের একটি উপযুক্ত প্রবেশদ্বার প্রদান করে। একজিট 3, ও সঙ্গে পুনর্নির্মিত একজিট 4 এবং একজিট 4 এবং একজিট 5 এর মধ্যে অতিরিক্ত লেন, গতিশীলতা বৃদ্ধি করে এবং জনসাধারণের নিরাপত্তা উন্নত করে।"

অ্যালবেনি কাউন্টি বিমানবন্দর কর্তৃপক্ষের CEO জন ও'ডনেল বলেন, "গভর্নর কুওমো নিউ ইয়র্কের বিমানবন্দরগুলোকে উন্নত করার জন্য একটি দীর্ঘমেয়াদী অঙ্গিকারবদ্ধতা প্রদর্শন করেছেন এবং সেটি আজ স্পষ্ট এক্সিট-3 শেষ হওয়ার সাথে, যা আমাদের 1.5 মিলিয়ন ব্যবসা এবং অবসর ভ্রমণার্থীদের নিরাপদ ও দ্রুত প্রবেশাধিকার প্রদানের ক্ষেত্রে চূড়ান্ত পদক্ষেপ।"

উত্তরাঞ্চলে বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবিতকরণ সম্পন্ন করা সম্পর্কে
200 মিলিয়ন ডলারে উত্তরাঞ্চলে বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবিতকরণ সম্পন্ন করার ক্ষেত্রে উত্তরাঞ্চলে বিমানবন্দরসমূহের কর্তৃপক্ষকে এ অঞ্চলের নতুন গেটওয়ে হিসাবে আগামীদিনের বিমানবন্দরের বিষয়টি মাথায় রাখতে হবে। লাগার্ডিয়া এবং জন এফ কেনেডি বিমানবন্দরের জন্য গভর্নর কুওমো'র মহাপরিকল্পনা নকশার প্রতিযোগিতার (Master Plan Design Competition) সাফল্যের উপর ভিত্তি করে প্রতিযোগিতা এবং বদলে দেয়ার প্রচেষ্টা ইতোমধ্যেই দক্ষিণাঞ্চলের কয়েকটি বিমানবন্দরে চলমান রয়েছে। গভর্নর এর এভিয়েশন ক্যাপিটাল গ্রান্ট প্রোগ্রামের (Aviation Capital Grant Program) মাধ্যমে অতিরিক্ত তহবিল বরাদ্দ করা হচ্ছে, যা অঙ্গরাজ্য জুড়ে ছোট বিমানবন্দরসমূহে নিরাপত্তা, অবকাঠামো এবং অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পসমূহকে সহায়তা প্রদান করবে।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবহন বিভাগ এই প্রতিযোগিতা পরিচালনা করছে। প্রতিযোগিতার অধীনে অঙ্গরাজ্য বিমানবন্দরসমূহকে পরিকল্পনা জমা দেওয়ার আহ্বান জানিয়েছে যা:

- আঞ্চলিক অর্থনৈতিক কার্যকলাপ, কর্ম সৃজন এবং ব্যবসা আকর্ষণের ক্ষেত্রে গতি সঞ্চার করবে;
- বিমান, গেট, লাগেজ ও পার্কিং ক্ষমতা এবং প্রবেশযোগ্যতা বৃদ্ধি করবে;
- অত্যাধুনিক যাত্রী সুবিধা এবং নিরাপত্তা ব্যবস্থা তৈরি করবে;
- উদ্ভাবনী নকশার ধারণা অন্তর্ভুক্ত করবে এবং দ্রুত সম্পন্ন করার সক্ষমতাসহ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ক্ষেত্রে উন্নয়ন ঘটাবে; এবং
- টেকসই ভবন এবং নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তি অন্তর্ভুক্ত করবে।

গভর্নর কুওমোর আপস্টেট বিমানবন্দরসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও পুনরুজ্জীবন প্রতিযোগিতায় এছাড়াও এলিমিরা কর্নিং আঞ্চলিক বিমানবন্দর (Elmira Corning Regional Airport), গ্রেটার

রচেস্টার আন্তর্জাতিক বিমানবন্দর (Greater Rochester International Airport), প্ল্যাটসবার্গ আন্তর্জাতিক বিমানবন্দর (Plattsburgh International Airport), সাইরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর (Syracuse Hancock International Airport) এবং ইথাকা টম্পকিন্স আঞ্চলিক বিমানবন্দরকে (Ithaca Tompkins Regional Airport) অর্থ প্রদান অন্তর্ভুক্ত রয়েছে। এসব বিমানবন্দরের সাহসী পরিকল্পনা এবং নকশা নিরাপত্তা, পরিচালনার মান ও প্রবেশযোগ্যতা বাড়াবে, পরিবেশগত প্রভাব কমাবে এবং শ্রেয়তর যাত্রী অভিজ্ঞতা সৃষ্টি করবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন